দৈনিক খবর

তারিখ ... ৩/৯/৯১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

61

80

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# পরিস্থিতি শান্তঃ ক্লাসে উপস্থিতি কম

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২রা সেপ্টেম্বর।– গত এক সপ্তাহ ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি শান্ত। তবে ক্লাসে ছাত্রছাত্রীদের উপস্থিতি কম।

উপাচার্য তাঁর বাসভবনে অফিসের কাজ চালাচ্ছেন। তবে প্রশাসনিক অন্যান্য অফিস যথারীতি চলছে।

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## পরিস্থিতি শান্ত

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ নিয়মিত হচ্ছে সপ্তাহ দেড়েক ধরে। শিক্ষকরাও ক্যাম্পাসে অবাধে যাতায়াত করতে পারছেন। তা সত্ত্বেও সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে আতংক কাটেনি। ক্লাসে তাদের উপস্থিতি আশানুরূপ নয়। ইতিপূর্বে স্বাভাবিক অবস্থায় ক্লাসে ছাত্রছাত্রীদের উপস্থিতির যে হার ছিল সে তুলনায় কম। আবাসিক হলসমূহেও সাধারণ ছাত্রদের সংখ্যা কম।

বর্তমান উপাচার্য অধ্যাপক আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দিনের পদত্যাগ দাবীতে ইসলামী ছাত্রশিবির গত ডিসেম্বর থেকে আন্দোলন করছে। তাদের নানা কর্মসূচীর ফলে লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হয়েছে। অধ্যাপক সিরাজুদ্দিনের পদত্যাগ দাবীতে শিবিরের আন্দোলন কর্মসূচী আপাততঃ স্থগিত রয়েছে। ধারণা করা হচ্ছে, আগামী গণভোটের পর পুনরায় তাদের আন্দোলন শুরু হবে।